## ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ডক্টরেট ডিগ্রিপ্রাপ্ত উল্লেখযোগ্য ব্যক্তিবর্গ

- ➢ লর্ড ডানডাস- ১৯২২
- ➢ অধ্যক্ষ হরপ্রসাদ শাস্ত্রী- ১৯২৭
- ➢ স্যার জগদীশচন্দ্র বসু- ১৯৩৬
- ➢ রবীন্দ্রনাথ ঠাকুর- ১৯৩৬
- ➢ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়- ১৯৩৬
- ➢ এ. কে. ফজলুল হক- ১৯৫৬
- ➢ আইয়ুব খান- ১৯৬০
- ➢ সত্যেন্দ্রনাথ বসু- ১৯৭৪
- ➢ ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ- ১৯৭৪
- ➢ কাজী নজরুল ইসলাম- ১৯৭৪
- ➢ ড. মুহাম্মদ কুদরত-ই-খুদা- ১৯৭৪
- ➢ ড. কাজী মোতাহের হোসেন- ১৯৭৪
- ➢ প্রফেসর আব্দুস সালাম- ১৯৯৩
- ➢ প্রধানমন্ত্রী শেখ হাসিনা- ১৯৯৯
- ➢ প্রফেসর ড. অমর্ত্য সেন- ১৯৯৯
- ➢ ড. মুহাম্মদ ইউনূস- ২০০৭
- ➢ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- ২০২৩



স্যার জগদীশচন্দ্র বসু, ১৯৩৬



রবীন্দ্রনাথ ঠাকুর, ১৯৩৬



কাজী নজরুল ইসলাম, ১৯৭৪

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে রবীন্দ্রনাথের আগমন

- রবীন্দ্রনাথ ঠাকুর ঢাকা বিশ্ববিদ্যালয়ে এসেছিলেন- ১ বার (১৯২৬ সালে)।
- ১৯২৬ সালে রবীন্দ্রনাথ ঠাকুর বক্তৃতা করেন- কার্জন হলে।
- রবীন্দ্রনাথ ঠাকুর জগন্নাথ হলের "বাসন্তিকা" পত্রিকার জন্য যে কবিতা লিখেন- এই কথাটি মনে রেখো।



ঢাবিতে অধ্যাপক রমেশচন্দ্র মজুমদারের সাথে রবীন্দ্রনাথ ঠাকুর



জগন্নাথ হলের বাসন্তিকা পত্রিকার জন্য কবির "এই কথাটি মনে রেখো" কবিতা

**ভুল নয় সঠিক তথ্য জানুন:** বাজারের প্রচলিত প্রায় সব বইতেই দেয়া আছে, রবীন্দ্রনাথ ঠাকুর ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসেন ২বার। প্রথমবার আসেন ১৯২৬ সালে এবং দ্বিতীয়বার আসেন ১৯৩৬ সালে। কিন্তু তথ্যটি ভুল। রবীন্দ্রনাথ ঠাকুর ঢাকায় এসেছিলেন ২বার, ১৮৯৮ সালে এবং ১৯২৬ সালে। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়ে এসেছিলেন ১বার, ৭ ফেব্রুয়ারি, ১৯২৬ সালে। রবীন্দ্রনাথ ঠাকুরকে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ১৯৩৬ সালে সম্মানসূচক ডি লিট উপাধি দেয়া হলেও অসুস্থতার জন্য তিনি সে সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ে উপস্থিত থাকতে পারেননি। তার অনুপস্থিতিতেই বিশেষ সমাবর্তনে তাকে এই উপাধি প্রদান করা হয়। উল্লেখ্য, ঐ সমাবর্তনেই স্যার জগদীশচন্দ্র বসু, স্যার প্রফুল্ল চন্দ্র রায়, স্যার জদুনাথ সরকার এবং কথা সাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কেও সম্মানসূচক ডি লিট উপাধি প্রদান করা হয়।

*তথ্যসূত্র: প্রথম আলো ও রবীন্দ্র গবেষক বিশ্বজিৎ মিত্রের 'ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রবীন্দ্রনাথ' প্রবন্ধ।*

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের কালো দিবস ও শোক দিবস

**কালো দিবস- ২৩ আগস্ট**


২০০৭ সালে তত্ত্বাবধায়ক সরকারের প্রশাসনের সাথে ঢাবি শিক্ষার্থীরা সংঘর্ষে জড়িয়ে পড়ে। খেলার মাঠে এক শিক্ষার্থীকে এক সেনা সদস্য শারীরিকভাবে লাঞ্ছিত করলে এই ঘটনার শুরু হয়। ২০-২৩ আগস্ট সেনাবাহিনী ও পুলিশের হাতে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারী নিপীড়নের ঘটনা ঘটে। তাই ২৩ আগস্টকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'কালো দিবস' হিসেবে পালন করা হয়।



ঢাবির খেলার মাঠ

**শোক দিবস- ১৫ অক্টোবর**

১৯৮৫ সালের ১৫ অক্টোবর জগন্নাথ হলের একটি আবাসিক ভবনের ছাদ ধসে পড়লে মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। এতে ৩৯ জন ছাত্র, কর্মচারী ও অতিথি প্রাণ হারায়। এই দিনটিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শোক দিবস হিসেবে পালন করা হয়।



ঢাবির জগন্নাথ হল

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে চেয়ার

- **ড. আহমদ শরীফ চেয়ার-** বাংলা বিভাগে।
- **বোস চেয়ার-** পদার্থবিজ্ঞান বিভাগে।
- **আব্দুর রাজ্জাক চেয়ার-** রাষ্ট্রবিজ্ঞান বিভাগে।
- **বেগম রোকেয়া চেয়ার-** উইমেন এন্ড জেন্ডার স্ট্যাডিজ বিভাগে।
- **বঙ্গবন্ধু চেয়ার-** ইতিহাস বিভাগে।
- **মোকারম হোসেন খন্দকার চেয়ার-** রসায়ন বিভাগে।

**ভুল নয় সঠিক তথ্য জানুন:** বাজারের প্রচলিত প্রায় সব বইতেই দেয়া আছে, বোস চেয়ার রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে; তথ্যটি ভুল। পদার্থ বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বোসের নামে বোস চেয়ার রয়েছে ঢাবির পদার্থ বিজ্ঞান বিভাগে। *[তথ্যসূত্র: ঢাবির রেজিস্ট্রার দপ্তর]*

## মুক্তিযুদ্ধ ও ঢাকা বিশ্ববিদ্যালয়

- **মুক্তিযুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিহত হয়-** ১৯ জন।
- **মুক্তিযুদ্ধের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের যে দার্শনিক শহিদ হন-** অধ্যাপক গোবিন্দচন্দ্র দেব
- **গোবিন্দচন্দ্র দেব যে বিভাগের শিক্ষক ছিলেন-** দর্শন বিভাগ।
- **মুক্তিযুদ্ধে নিহত ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিকেল অফিসার-** ডা. মোহাম্মদ মুর্তজা।
- **মুক্তিযুদ্ধে নিহত ঢাকা বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুলের শিক্ষক-** মোহাম্মদ সাদেক।
- **দেশদ্রোহিতার অভিযোগে টিক্কা খান সরকার কারাদণ্ড দেয়-** অধ্যাপক আব্দুর রাজ্জাককে (১৪ বছর)।
- **স্বাধীনতার পর বিশ্ববিদ্যালয় থেকে চাকুরিচ্যুত করা হয়-** উপাচার্য ড. সাজ্জাদ হোসায়েনকে।
- **২৫ মার্চ রাতে নৃসংশ হত্যাকান্ড চালানো হয়-** জহুরুল হক হল ও জগন্নাথ হলে।
- **২৫ মার্চ রাতে নিহত শাহনেওয়াজ এর নামে ছাত্রাবাস আছে-** ঢাবির মুহসীন হলে।

